MANARAT INTERNATIONAL UNIVERSITY

**Permanent Campus :** Plot # CEN - 16, Road # 106, Gulshan, Dhaka-1212, Bangladesh
Tel: +88-02-55060025, 222262251, 58817525, Mobile: 01780-364414, 01709-126394, Fax: 88-02-55059924

**Ashulia Campus :** Ashulia Model Town, Khagan, Ashulia, Dhaka, Bangladesh
Tel: 09666911624-7, Mobile: 01780-364415, 01819-245895
E-mail: info@manarat.ac.bd, website: www.manarat.ac.bd

MIU/Admin/Convocation-55(1)/2007(2)/5433 ০৭ মে ২০২৩ ইং

# আসন্ন দ্বিতীয় সমাবর্তনের সর্বশেষ অগ্রগতি

মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষ অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তনকেন্দ্রিক সকল প্রস্তুতি ইতোমধ্যে প্রায় সম্পন্ন হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আবেদন এবং শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এর সুপারিশের প্রেক্ষিতে, মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এর ২য় সমাবর্তন অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী-কে সভাপতিত্ব করার জন্য মনোনয়ন প্রদান করেছেন (সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের পত্র-শিম/শা:১৭/৮বে:বি:১৯/২০০৭-১৩১, তারিখঃ ২৩ মার্চ ২০২৩)।

কিন্তু মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষ গ্রাজুয়েটদের প্রত্যাশা এবং বিশ্ববিদ্যালয়ের সার্বিক অবস্থা বিবেচনায় মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মহোদয়ের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠিত হলে আরো বেশী জাঁকজমকপূর্ণ, কার্যকরী ও ফলপ্রসূ হবে যা বিশ্ববিদ্যালয়ের টেকসই উন্নয়নের পথে বিশেষ ভূমিকা রাখবে বলে মনে করছেন।

সেমতে, মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মহোদয়ের উক্ত সিদ্ধান্ত পুনর্বিবেচনা করে আগামী ২৮ মে বা ১০ জুন ২০২৩ তারিখ অথবা মহোদয়ের সুবিধাজনক যেকোনো একদিন ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, বসুন্ধরায় (কুড়িল, বিশ্বরোড ৩০০ ফুট সংলগ্ন) বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত থেকে গ্রাজুয়েটদের ডিগ্রি প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মহোদয়'কে পুনরায় পত্র প্রেরণ করেছেন। যার সিদ্ধান্ত কয়েকদিনের মধ্যে জানা যাবে বলে কর্তৃপক্ষ মনে করছেন।

এই প্রেক্ষাপটে সমাবর্তনে অংশগ্রহণকারী গ্রাজুয়েটসহ মানারাত পরিবারের সকলের এ বিশ্ববিদ্যালয়ের সুনাম-সুখ্যাতি অক্ষুণ্ন রাখতে সার্বিক সহযোগিতা একান্ত কাম্য। সমাবর্তনের অন্যান্য অগ্রগতিও পর্যায়ক্রমে সকলকে জানানো হবে। তদুপরি যেকোনো তথ্যের জন্য কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

**মোঃ মনিরুল ইসলাম**
রেজিস্ট্রার

Manarat International University
Plot-16, Road-106
Gulshan
Dhaka-1212
★ Gulshan ★